গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্প
আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা।
www.ictd.gov.bd

স্মারক নং-৫৬.০০.০০০০.০৪১.১১.০০১.১৮-১২৫৫

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫
০৭ জুন ২০১৮ খ্রি:

## জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রকল্প এর জন্য সরকার কর্তৃক নির্ধারিত উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ বিধিমালা অনুসরণে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম ও বেতন (সাকুল্যে) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ১টি | ২৬/০৬/২০১৮ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর | ১। কমপক্ষে এইচ এসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।<br>২। শিক্ষা জীবনের কোন পর্যায়েই ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না।<br>৩। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৪। এমএস অফিস সফটওয়্যার এ পারদর্শী হতে হবে।<br>৫। টাইপের ক্ষেত্রে প্রতি মিনিটে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

আবেদনের নিয়মাবলীঃ

১। আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনের নমুনা ফরম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েব সাইট (www.ictd.gov.bd) ও প্রকল্পের ওয়েবসাইটে (www.gameapp.com.bd) পাওয়া যাবে।

২। আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর প্রদত্ত সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদ পত্রের কপি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং সম্প্রতি তোলা গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৩। প্রকল্প পরিচালক, "মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন" প্রকল্প বরাবর ১-২৮০৫-৩০৩৯-২৬৮১ কোড নম্বরে ১০০/- টাকার ট্রেজারী চালান জমা দিয়ে চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।

৪। ১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি খামে ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত করতঃ প্রাপকের স্থানে আবেদনকারীর বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক আবেদন দাখিল করতে হবে।

৫। ২৬/০৬/২০১৮ খ্রি: তারিখে বয়স সীমা অনূর্ধ্ব ৩০ বছর প্রযোজ্য হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে ২৬/০৬/২০১৮ খ্রি: তারিখে বয়স সীমা অনূর্ধ্ব ৩২ বৎসর। মুক্তিযোদ্ধাও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।

৬। সরকারী প্রচলিত বিধি মোতাবেক কোটাসমূহ সংরক্ষিত হবে।

৭। ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে।

৮। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।

৯। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কতৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)।

১০। আবেদনপত্র আগামী ২৬/০৬/২০১৮ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক, মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্প, আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। বেতন ভাতাদি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে প্রদেয় হবে।

১২। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীদের কোন ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১৩। আবেদনের খামের উপর অবশ্যই নিজ জেলা ও পদের নাম এবং কোটা প্রযোজ্য হলে তা উল্লেখ করতে হবে।

১৪। কোন ধরনের তদবির/সুপারিশ/ভুল তথ্য প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৫। উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান প্রযোজ্য হবে।

১৬। ত্রূটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৭.৬.১৮

কে এম আবদুল ওয়াদুদ
প্রকল্প পরিচালক (উপসচিব)

| ৫x৫ সেঃমিঃ<br>ছবি<br>(সম্প্রতি তোলা, ২ কপি) |
|---|

# চাকরির আবেদন ফরম

| | | |
|---|---|---|
| ১. | পদের নাম: | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | |
| ৫. | জন্ম তারিখ: দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর মাস দিন |
| ৮. | মাতার নাম: | |
| ৯. | পিতার নাম: | |
| ১০. | স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে): | |

| ১১. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | যোগাযোগ: | (মোবাইল/ টেলিফোন নং): | ই-মেইল (যদি থাকে): | |
| ১৩. | জাতীয়তা: | | ১৪. | জেন্ডার: |
| ১৫. | ধর্ম: | | ১৬. | পেশা: |

১৭. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৮. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):

১৯. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা ☐ ☐ ☐ | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী ☐ ☐ |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ☐ | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ☐ | অন্যান্য(উল্লেখ করুন): ☐ |
| ২১. | চালান নম্বর: | | তারিখ: দি ন মা স ব ৎ স র | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর